

# ভিজ্যুয়াল বেসিকে উইন্ডোজ এক্সপি'র লুক এন্ড ফিল

## উইন্ডোজ এক্সপি

উইন্ডোগুলো দেখে কার না হচ্ছে হয় ওরকম থিম-এর উইন্ডোবিশিষ্ট প্রোগ্রাম তৈরির? আসুন দেখা যাক ভিজ্যুয়াল বেসিকে আমরা তা করতে পারি কি না। উইন্ডোজ এক্সপির অনেক নতুন ফিচার-এর মধ্যে একটি হলো কমন কন্ট্রোল লাইব্রেরির আপডেট। এর একটি প্রধান ফিচার হলো— উইন্ডোজ এক্সপি থিমস। এটা আপনাকে থিম সিলেক্ট করার সুযোগ দেয়, যা উইন্ডোজ-এর সম্পূর্ণ লুক এন্ড ফিলকে পরিবর্তন করে দেয়। আর এসব আপনারা সকলেই জানেন। কিন্তু এখন যদি আপনি VB-তে প্রোগ্রাম করেন তাহলে তা কিন্তু পরিবর্তন হবে না। আপনাকে উইন্ডোজ এক্সপির কাছে বলতে হবে যে, আপনি তার নতুন সংস্করণের কমন কন্ট্রোল লাইব্রেরি ব্যবহার করতে যাচ্ছেন। এটি করতে আপনাকে অবশ্যই একটি এ্যাপ্লিকেশন ম্যানিফেস্ট তৈরি করতে হবে। এই ম্যানিফেস্ট একটি এক্সএমএল (এক্সটেনসিবল মার্কআপ ল্যাঙ্গুয়েজ) ডকুমেন্ট যা উইন্ডোজ এক্সপি কোনো এ্যাপ্লিকেশন চালাবার আগে ঐ এ্যাপ্লিকেশনের ফোল্ডারে খোঁজ করে। এই ম্যানিফেস্টটি

উইন্ডোজ এক্সপি জানায় যে সে এক্সপিকে নতুন ভার্সনের COMCTL32.DLL (Version 6)-কে ব্যবহার করতে যাচ্ছে। তাই এখন আমরা মূলত শিখব কিভাবে এই ম্যানিফেস্টটি তৈরি করা যায়। একটি নতুন প্রোজেক্ট খুলুন ভিজ্যুয়াল বেসিকে। স্ট্যান্ডার্ড কন্ট্রোলগুলোর মধ্যে থেকে অর্থাৎ টুলবারের থেকে একটি বাটন, একটি চেকবক্স, দুইটি অপশন বাটন এবং একটি টেক্সট বাটন আঁকুন ফর্মে। সেগুলোর ইচ্ছেমতো ক্যাপশনিং করুন। আর এই কমান্ড বাটনটিতে ক্লিক করলে যাতে প্রোগ্রাম বন্ধ হয়ে যায় তাই এর ক্লিক ইভেন্টে লিখুন—

Unload Me COMCTL32.DLL-এ একটি এক্সপোর্ট ফাংশন আছে যা InitCommonControls নামে পরিচিত। কমন কন্ট্রোল লাইব্রেরিটি চালু করার জন্য এ্যাপ্লিকেশনটি স্টার্টিং-এর সময় এই ফাংশনটিকে কল করতে হয়। এটির ডিক্লারেশন কিন্তু API viewer-এ পাওয়া যাবে না। আর এটি কিন্তু Form\_Load ইভেন্টে করলে হবে না অবশ্য অবশ্যই Form\_Initialize ইভেন্টে যোগ করবেন। তাহলে কোডটি হবে নিম্নরূপ— Option Explicit

```
Private Declare Function
InitCommonControls Lib
"comctl32.dll"() As Long
Private Sub
Command1_Click()
Unload Me
End Sub
Private Sub Form_Initialize()
InitCommonControls
End Sub
এখন আমাদের এই প্রোগ্রামটিকে
কম্পাইল করে এক্সিকিউটেবল করতে
হবে (ম্যানিফেস্টটি কেবল EXE
ফাইলের ওপরই কাজ করবে)।
এক্সিকিউটেবলটির নাম যা ইচ্ছা
দিতে পারেন তবে ম্যানিফেস্ট-তে
```

তার নামের মিল থাকতে হবে।  
এবার যে ফোল্ডারে EXE ফাইলটি  
রেখেছেন সেখানে একটি টেক্সট  
ফাইল তৈরি করুন যা নোটপ্যাড  
ব্যবহার করে করতে পারেন। এখানে  
দেয়া এক্সএমএল কোডটি তাতে  
লিখে দিন—  
এখন ম্যানিফেস্ট ফাইলটির নাম  
দেবেন এভাবে—  
yourprogramname.EXE.  
MANIFEST তাহলে এবার আপনার  
এক্সিকিউটেবল ফাইলটি চালিয়ে  
দেখুন।

■ গাজী লেনিন  
ghazilenin@hotmail.com

```
<?xml version="1.0" encoding="UTF-8"
standalone="yes"?>
<assembly xmlns="urn:schemas-microsoft-com:asm.v1"
manifestVersion="1.0">
<assemblyIdentity type="win32" processorArchitecture="*"
version="6.0.0.0" name="mash"/>
<description>প্রোগ্রামের বিবরণ লিখুন এভাবে </description>
<dependency>
<dependentAssembly>
<AssemblyIdentity
type="win32"
name="Microsoft.Windows.Common-Controls"
version="6.0.0.0"
language="*"
ProcessorArchitecture="*"
publicKeyToken="6595b64144ccf1df"/>
</dependentAssembly>
</dependency>
</assembly>
```

